অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/23/2023 **গভর্নর ক্যাথি হোকল**

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের ষষ্ঠ রাউন্ডে নর্থ কান্ট্রিতে 10 মিলিয়ন ডলার বরাদ্দ লাভের জন্য টাইকনডেরোগার বিজয়ী হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

স্টেটের বিস্তৃত অর্থনৈতিক এবং কমিউনিটি প্রবৃদ্ধির কৌশলের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসাবে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ

টাইকনডেরোগার ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করতে অধিবাসী, কমিউনিটি নেতৃবৃন্দ ও সরকারি কর্মকর্তাদের সাথে স্টেট একসঙ্গে কাজ করবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) ষষ্ঠ রাউন্ডে নর্থ কান্ট্রির বিজয়ী হিসেবে টাইকনডেরোগা টাউন 10 মিলিয়ন ডলারের তহবিল লাভ করবে। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের রাউন্ড 6-এর জন্য, স্টেটের 10টি অর্থনৈতিক উন্নয়ন অঞ্চলের প্রতিটি 10 মিলিয়ন ডলারের তহবিল পেতে যাচ্ছে, যা ডাউনটাউনগুলোকে প্রাণবন্ত অঞ্চলে রূপান্তর করার মাধ্যমে কমিউনিটিগুলোকে তাদের অর্থনীতি শক্তিশালী করতে সাহায্য করার উদ্দেশ্যে স্টেটের তরফ থেকে বরাদ্দকৃত ও বিনিয়োগকৃত মোট 100 মিলিয়ন ডলারের তহবিলের অংশ।

"আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ স্টেটজুড়ে টাউনগুলোকে অধিবাসী ও দর্শনার্থীরা সমানভাবে সমৃদ্ধি অর্জন করতে পারবেন এমন টেকসই, সাশ্রয়ী, এবং হেঁটে চলাচলের উপযুক্ত কমিউনিটিগুলোতে রূপান্তর করার চাবিকাঠি," **বলেছেন গভর্নর হোকল।** "টাইকনডেরোগাতে 10 মিলিয়ন ডলারের এই অর্থায়ন এটির প্রাকৃতিক সৌন্দর্য বৃদ্ধি করবে, স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে পুনরুজ্জীবিত করবে, এটির সমৃদ্ধ ইতিহাসের উপর আলোকপাত করবে এবং এটি যাতে ভবিষ্যতের চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার মতো শক্তিশালী একটি কমিউনিটি হয়ে উঠতে পারে তা নিশ্চিত করবে।"

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative, DRI) ডাউনটাউনের আশেপাশের অঞ্চলগুলোকে উচ্চ মানের জীবন যাপনের সুযোগ প্রদান করে এবং ব্যবসা, কর্মসংস্থান ও অর্থনৈতিক ও আবাসনের বৈচিত্র্যকে আকৃষ্ট করে এমন একটি প্রাণবন্ত ক্রিয়াকলাপের কেন্দ্রস্থলে রূপান্তর করার মাধ্যমে স্টেটের অর্থনৈতিক উন্নয়নের নীতিমালার একটি ভিত্তি হিসেবে কাজ করছে। DRI-এর অতীতের রাউন্ডগুলির মতোই, প্রতিটি নির্বাচিত কমিউনিটি ডাউনটাউন পুনরুজ্জীবিত করার একটি ভিশন সুস্পষ্টভাবে উল্লেখ করে

এবং ডাউনটাউনকে রূপান্তর করার এবং আরও বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগানোর সম্ভাবনা রয়েছে এমন কিছু স্বকীয় প্রকল্প সনাক্ত করে এমন একটি বটম-আপ, কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে একটি কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করবে। স্টেট দপ্তর (Department of State) তারপর পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার জন্য এবং কমিউনিটির ভিশনকে বাস্তবে রূপ দেওয়ার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোয় DRI তহবিলের অনুদান দেবে।

টাইকনডেরোগা
লেক জর্জ ও লেক চ্যামপ্লেইনের সংযোগস্থলে অ্যাডিরনড্যাক পার্কের অভ্যন্তরে অবস্থিত টাইকনডেরোগা টাউন ডাউনটাউনে সাম্প্রতিক বিনিয়োগগুলোকে আরো বৃদ্ধি করার এবং এটির ডাউনটাউন করিডরে আরো বেশি গর্ব ও বিনিয়োগ কাজে লাগাতে যথাযথভাবে ব্যবহার না হওয়া সম্পত্তি ও জনসমাগমের স্থানগুলোকে পুনরায় সক্রিয় করার পথে রয়েছে। ব্যবসা প্রতিষ্ঠান, পর্যটক ও অধিবাসীদেরকে ডাউনটাউনে আসার জন্য আকৃষ্ট করতে টাইকনডেরোগা গভীর ঐতিহাসিক শেকড়, পাবলিক পার্ক, ঐতিহাসিক ভবনগুলোর আস্তরণ সংস্কার, মেইন স্ট্রিটের ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সম্প্রসারণ, সাশ্রয়ী আবাসন বিকল্প এবং সমৃদ্ধ স্ট্রিটস্কেপ ও গেটওয়ে সংক্রান্ত সুযোগ-সুবিধার উপর ভিত্তি করে নতুন পর্যটন স্থান ও সুযোগ-সুবিধা তৈরির জন্য নতুন বিনিয়োগ করতে চায়। এসব বিনিয়োগ টাইকনডেরোগাকে প্রাকৃতিক সৌন্দর্য এবং উন্মুক্ত জনসমাগমের স্থান দিয়ে ঘেরা পথচারী-বান্ধব একটি করিডর বিশিষ্ট অ্যাডিরনড্যাক ও চ্যাম্পলেইন ভ্যালির চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা ও অভিজ্ঞতা উপভোগের একটি হাবে রূপান্তর করবে।

নর্থ কান্টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল এই অঞ্চলের কমিউনিটিগুলোর জমা দেয়া প্রস্তাবগুলোর একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা প্রক্রিয়া সম্পন্ন করেছে এবং টাইকনডেরোগাকে মনোনীত হিসেবে সুপারিশ করার আগে নিচের সবগুলো শর্ত বিবেচনা করেছে:

- ডাউনটাউনটি সুনির্দিষ্ট পরিসীমা-বিশিষ্ট ও নিবিড়ভাবে বিন্যস্ত;
- ডাউনটাউনটিকে আগাম মূলধন হিসাবে বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগের অনুঘটক হিসাবে কাজে লাগানো যেতে পারে;
- ডাউনটাউনের মধ্যে অথবা ডাউনটাউনের নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ আছে, যা কর্মীদের আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি বৈচিত্র্যময় মানুষের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি;
- মিউনিসিপ্যালিটি ইতিমধ্যে জীবন যাপনের সক্ষমতা ও গুণমান বৃদ্ধি করে এমন নীতিমালা তৈরি ও বাস্তবায়ন করেছে অথবা তা করার সক্ষমতা আছে;
- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি খোলামেলা ও শক্তিশালী কমিউনিটির অন্তর্ভুক্তি প্রক্রিয়ার ব্যবস্থা করেছে;
- মিউনিসিপ্যালিটির কাছে DRI প্রক্রিয়া সামলানোর স্থানীয় সক্ষমতা আছে; এবং

- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে সনাক্ত করেছে যেগুলি DRI তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে।

টাইকনডেরোগাকে স্থানীয় পরিকল্পনা প্রক্রিয়া অনুযায়ী এটির ডাউনটাউনের এলাকাগুলো পুনরুজ্জীবিত করা এবং দীর্ঘমেয়াদী সমৃদ্ধির জন্য নতুন সুযোগ তৈরি করার জন্য 10 মিলিয়ন ডলারের স্টেট তহবিল ও বিনিয়োগ প্রদান করা হয়েছে। টাইকনডেরোগা প্ল্যাটসবার্গ ওয়াটারটাউন, সারানাক লেক, পটসড্যাম, টাপার লেক ও ম্যাসেনার কমিউনিটিগুলোর সঙ্গে যোগ হচ্ছে যারা প্রথম পাঁচটি DRI রাউন্ডে নর্থ কান্ট্রি থেকে বিজয়ী হয়েছিল।

টাইকনডেরোগা DRI অনুদানের 10 মিলিয়ন ডলার থেকে 300,000 ডলার পর্যন্ত পরিকল্পনা তহবিলে বরাদ্দ করে এটির ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এই প্রচেষ্টায় নেতৃত্ব দিবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় স্থানীয় সংস্থান ও সুযোগগুলো পরীক্ষা করা হবে এবং ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী অর্থনৈতিক উন্নয়ন, পরিবহন, আবাসন, ও কমিউনিটি প্রকল্পগুলো সনাক্ত করবে। কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা ডাউনটাউনের জন্য কমিউনিটির ভিশনকে অগ্রসর করবে এবং স্টেটের তরফ থেকে দেওয়া এই 10 মিলিয়ন ডলারের বিনিয়োগ কাজে লাগাতে ও সম্প্রসারণ করতে পারবে এমন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলোতে DRI অনুদানের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে পথ প্রদর্শন করবে। DRI-এর ষষ্ঠ রাউন্ডের পরিকল্পনাগুলি 2023 সালে সম্পন্ন হবে।

সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "টাইকনডেরোগা অ্যাডিরনড্যাকের প্রাকৃতিক সৌন্দর্য দিয়ে ঘেরা আউটডোর চিত্তবিনোদনের একটি হাব, যা এটিকে সমগ্র স্টেট ও দেশের ভ্রমণকারীদের জন্য উপভোগ করার মতো একটি আদর্শ গন্তব্যস্থলে পরিণত করেছে। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের মাধ্যমে প্রদান করা এই তহবিল এর ডাউনটাউনকে আশেপাশের চিত্তবিনোদনের সুযোগ-সুবিধার সঙ্গে সংযুক্ত করার পাশাপাশি জনসমাগমের স্থান ও আকর্ষণগুলোকে সমৃদ্ধ করার জন্য এই টাউনের গভীর ঐতিহাসিক শেকড়কে কাজে লাগানোর ব্যাপারে টাইকনডেরোগার রূপকল্পকে বাস্তব রূপ দিতে সাহায্য করবে। এর ডাউনটাউন অঞ্চলকে পুনরুদ্ধার করার জন্য টাইকনডেরোগা যে রূপান্তরমূলক পরিকল্পনা তৈরি করছে তা দেখার জন্য আমি অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "টাইকনডেরোগার রয়েছে সমৃদ্ধ ইতিহাস ও প্রাকৃতিক সৌন্দর্য, এবং ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের এই অর্থায়ন অধিবাসী ও দর্শনার্থী উভয়ের জন্য সুযোগ-সুবিধা ও উদ্দীপনা বৃদ্ধি করার উদ্দেশ্যে এদের উভয়টিকে কাজে লাগাবে। কমিউনিটির নেতৃত্বে পরিচালিত একটি কৌশলগত পরিকল্পনা এখন এমন সব রূপান্তরমূলক

প্রকল্পগুলোর প্রতি মনোযোগী হবে যেগুলো একটি সমৃদ্ধশীল আঞ্চলিক ও চিত্তবিনোদনের গন্তব্যস্থল হিসেবে এই সিটির ভবিষ্যতকে আরো সুদৃঢ় করবে।"

নর্থ কান্ট্রি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (North Country Regional Economic Development Council) সহ-সভাপতি, জেমস ম্যাককেনা বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে নর্থ কান্ট্রিতে নিউ ইয়র্কের বিনিয়োগগুলো আমাদের কমিউনিটিগুলোতে নতুন আগ্রহ ও নতুন উন্নয়নকে উজ্জীবিত করছে। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ নর্থ কান্ট্রি এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে নতুন অর্থনৈতিক সমৃদ্ধিতে সহায়তা করা এবং সেগুলো গড়ে তোলা অব্যাহত রেখেছে। টাইকনডেরোগার রয়েছে একটি সমৃদ্ধ ও অনন্য ইতিহাস যা অসংখ্য অধিবাসী ও দর্শনার্থীকে সমানভাবে স্বাগত জানাচ্ছে, এবং টাউনের কৌশলগত পরিকল্পনায় কেন্দ্রীয় ভূমিকা পালন করছে, এবং তাদের নির্বাচিত হওয়াকে সমর্থন করতে পেরে আমরা গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal)-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের তরফ থেকে টাইকনডেরোগাকে 10 মিলিয়ন ডলার বরাদ্দ প্রদানের ব্যাপারে আজকের এই অঙ্গীকারাবদ্ধতা কমিউনিটির অতিপ্রয়োজনীয় উন্নয়ন সাধন করবে, যা অ্যাডিরনড্যাকের স্থায়ী অধিবাসী ও দর্শনার্থীদেরকে সমানভাবে উপকৃত করবে। পরিকল্পনা প্রক্রিয়ায় কমিউনিটি নেতৃবৃন্দ ও স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করার মাধ্যমে DRI টাইকনডেরোগার স্থানীয় চাহিদাগুলো পূরণ হওয়ার বিষয়টি নিশ্চিত করবে। ডাউনটাউনের এলাকাগুলোকে সমৃদ্ধ করা এবং আমাদের স্টেটজুড়ে নতুন অর্থনৈতিক সুযোগ-সুবিধা তৈরি করার মাধ্যমে নিউ ইয়র্কের টাউন ও সিটিগুলোকে সমৃদ্ধ করে তোলার জন্য তার নিবেদিত প্রচেষ্টার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

স্টেট সিনেটর ড্যানিয়েল জি. স্টেক বলেন, "টাইকনডেরোগা তার ডাউনটাউনকে সমৃদ্ধ ও উন্নত করা অব্যাহত রেখেছে। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের তরফ থেকে পাওয়া 10 মিলিয়ন ডলার এসব প্রচেষ্টাকে আরো এগিয়ে নেবে এবং টাইকনডেরোগা যাতে আগামী বছরগুলোতে অ্যাডিরনড্যাক পার্কের অধিবাসী ও দর্শনার্থীদের জন্য সমানভাবে অর্থনৈতিক ও চিত্তবিনোদনমূলক ক্রিয়াকলাপের একটি হাব হয়ে থাকে সে বিষয়টি নিশ্চিত করবে।"

অ্যাসেম্বলি সদস্য ম্যাথিউ সিম্পসন বলেন, "টাইকনডেরোগার লোকজন নর্থ কান্ট্রির সবচেয়ে কঠোর পরিশ্রমী পরিবার ও ব্যক্তিদের অন্যতম। তারা তাদের টাউন কোন রূপ লাভ করতে চায় সে ব্যাপারে একটি বিস্তৃত রূপকল্প ধারণ করছেন এবং এই রূপকল্পকে বাস্তবে পরিণত করার জন্য প্রতিদিন কাজ করে যাচ্ছেন। এই ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ দূর থেকে পর্যবেক্ষণকারীদের জন্য এই রূপকল্পের প্রতি আস্থার ইঙ্গিত দেয়। এসব সংস্থান কাজে লাগিয়ে, টাইকনডেরোগা একটি প্রাণবন্ত কমিউনিটি হিসেবে এটির সত্যিকারের রূপের উপর আলোকপাত করার জন্য নির্ধারণ করা অনেকগুলো লক্ষ্যকে বাস্তবায়নের দিকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি বৃহৎ পদক্ষেপ গ্রহণ করবে।"

টাইকনডেরোগা টাউনের সুপারভাইজার মার্ক এ. রাইট বলেন, "টাইকনডেরোগা টাউন নিউ ইয়র্ক স্টেটের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ এবং DRI-এর তরফ থেকে এই সুযোগ পাওয়ার ব্যাপারে অত্যন্ত উচ্ছসিত। আমরা অর্থনৈতিক পুনরুজ্জীবিতকরণের জন্য আমাদের রূপকল্পটি সম্পন্ন হতে দেখার প্রত্যাশা রাখি। এই সুযোগ-সুবিধা শুধু আমাদের ডাউনটাউন করিডরকেই নয় বরং সমগ্র টাইকনডেরোগার পাশাপাশি আশেপাশের মিউনিসিপ্যালিটিগুলোকে এবং এসেক্স কাউন্টির এই অঞ্চলকে উপকৃত করবে।"

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ সম্পর্কে

2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহয্য করার একটি মূল উপাদান।

এই কর্মসূচির প্রথম পাঁচ বছরে, স্টেট পুনরুজ্জীবিতকরণের জন্য উপযুক্ত অবস্থায় রয়েছে এবং পুনঃউন্নয়ন, ব্যবসা, কর্মসংস্থান তৈরি, বৃহত্তর অর্থনৈতিক ও আবাসন সংক্রান্ত বৈচিত্র্য, ও সুযোগ-সুবিধা আকৃষ্টকারীতে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন 59টি ডাউনটাউনে 600 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে।

ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10 আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে। একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের জন্য কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য প্রতিটি কমিউনিটিকে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে।

DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে৷

###